# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**10-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) এরাজ্যে বিজেপির জয়, কেন্দ্রীয় সরকারের নীতির প্রতি জন সমর্থনের প্রমাণ বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

২) রাজ্যে নতুন সরকার গঠনের পর সুপ্রিম কোর্টের নির্দেশে স্কুল সার্ভিস কমিশন ২০১৬ সালের নিয়োগ পরীক্ষার ওএমআর শিট প্রকাশ করেছে।

৩) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে আগামীকাল নবান্ন-য় বৈঠকে বসবেন।

প্রবীণ বিজেপি নেতা ও মন্ত্রী দিলীপ ঘোষ বলেছেন, রাজ্যকে নতুন করে গড়ে তোলার সময় এসেছে।

৪) বিধানসভায় বিরোধী দলনেতা হবেন তৃণমূল কংগ্রেসের বর্ষীয়ান বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায়।

৫) ভোটের সময়ে হিংসার অভিযোগে মুর্শিদাবাদ যুব তৃণমূল কংগ্রেসের সভাপতিকে পুলিশ গতরাতে গ্রেপ্তার করেছে।

৬) অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যের একাধিক জেলায় আজও ঝড়বৃষ্টির পূর্বাভাস।

৭) আইএসএল ফুটবলে আজ মহামেডান, কেরল ব্লাস্টার্সের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গ, আসাম এবং পুদুচেরিতে বিধানসভায় নির্বাচনে বিজেপির জয় তাঁর সরকারের গৃহীত জাতীয় নীতির প্রতি জনসমর্থনেরই এক উজ্জ্বল প্রমাণ। তিনি বলেন, নির্বাচনের ফলাফল দেশের নিহিত চেতনাকেই প্রতিফলিত করে। বেঙ্গালুরুতে আজ বিজেপি কর্মীদের সমাবেশে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী এমন একটি সরকারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন, যা সক্রিয়ভাবে কাজ করে, দ্রুততার সঙ্গে সুশাসন নিশ্চিত করে, সব সমস্যার সমাধান প্রদান করে এবং দেশকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যায়।

---

রাজ্যে নতুন সরকার গঠনের পর সুপ্রিম কোর্টের নির্দেশে ২০১৬ সালের নিয়োগ পরীক্ষার OMR শিট প্রকাশ করলো স্কুল সার্ভিস কমিশন। স্কুল সার্ভিস কমিশন এক বিজ্ঞপ্তিতে  জানিয়েছে, সিবিআইয়ের উদ্ধার করা হার্ডডিস্ক থেকে পাওয়া নবম দশম ও একাদশ দ্বাদশের নিয়োগ পরীক্ষার OMR শিটের প্রতিলিপি আপলোড করা হয়েছে। এরপর গ্রুপ ডি ও গ্রুপ সি নিয়োগ পরীক্ষার OMR শিটও  প্রকাশ করা হবে।

উল্লেখ্য এর আগে স্কুল সার্ভিস কমিশন শুধুমাত্র প্যানেল ও ওয়েটিং লিস্টে থাকা প্রার্থীদের OMR সিট প্রকাশ করেছিল। এবার চাকরিহারা  যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের দ্রুত পুনর্বহালের  জন্য নতুন সরকারের কাছে দাবি জানিয়েছেন যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে মেহেবুব মন্ডল।

---

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ OMR শিট প্রকাশের মাধ্যমে ও যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের সসম্মানে পুনর্বহালের দাবি জানিয়েছে। সংগঠনের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী বলেছেন, একজনও নিরপরাধ যাতে শাস্তি না পায় , তা নিশ্চিত করতে হবে। এবং প্রকৃত অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে।

----------------------

আইনশৃঙ্খলা, উন্নয়ন সহ রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল বৈঠকে বসতে চলেছেন। দুপুর বারোটায় নবান্ন সংলগ্ন সভাঘরে সব দপ্তরের সচিবদের সঙ্গে তার বৈঠকের কথা। এরপরে তিনি সব জেলার জেলা শাসকদের সঙ্গে বৈঠক করবেন। পরে মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহানির্দেশক, কমিশনার ও জেলা পুলিশ সুপারদের সঙ্গেও তার বৈঠকের কথা। নির্বাচনের জন্য গত দু মাস স্থগিত থাকা বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি ও বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত শুরু করা নিয়েও তিনি বৈঠকে সচিব, আমলাদের নির্দেশ দেবেন বলে মনে করা হচ্ছে।

----------------------

নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর শুভেন্দু অধিকারী গতকাল গভীর রাতে কাঁথির শান্তিকুঞ্জে নিজের বাড়িতে ফেরেন। তাকে সম্বর্ধনা জানাতে গভীর রাতেও প্রচুর মানুষ জড়ো হয়েছিলেন।

----------------------

আজ বিশ্ব মাতৃ দিবসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সকল মাতৃ শক্তিকে শ্রদ্ধা ও প্রণাম জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি মাতৃ শক্তিকে বিশ্বের শ্রেষ্ঠ সম্পদ ও মানব জীবনের গভীর অনুভূতি বলে অভিহিত করেছেন।

-----------------------

রাজ্যে এস আই আর ও সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচন পর্বে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক ডঃ সুব্রত গুপ্তকে আজ মুখ্যমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগ করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতরের জারি করা এক বিজ্ঞপ্তিতে এই ঘোষণা করা হয়।

বিধানসভা নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং প্রশাসনিক সমন্বয়ের ক্ষেত্রে শ্রী গুপ্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। ভোটপর্বে বড় ধরনের সংঘর্ষ বা অশান্তি এড়িয়ে নির্বাচন পরিচালনায় তাঁর অভিজ্ঞতা ও প্রশাসনিক দক্ষতা বিশেষ ভাবে নজর কেড়েছিল । সেই অভিজ্ঞতার উপর ভরসা রেখেই নতুন সরকার তাঁকে গুরুত্বপূর্ণ দায়িত্ব দিল বলে প্রশাসনিক মহলের অভিমত।

অন্যদিকে দক্ষিণ ২৪ পরগনার অতিরিক্ত জেলাশাসক শান্তনু বালাকে মুখ্যমন্ত্রীর প্রাইভেট সেক্রেটারি বা ব্যক্তিগত সচিব হিসেবে নিয়োগ করেছে রাজ্য সরকার।

-----------------------

রাজ্যে নতুন সরকার গঠন হওয়ার পরেই প্রশাসনিক স্তরে বড়সড় রদবদল হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের আহ্বায়ক প্রতাপ নায়েককে দার্জিলিং জেলায় বদলি করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী তাঁকে দার্জিলিং এর বিজনবাড়িতে, পাল বাজার বিডিও অফিসে পাঠানো হয়েছে। তিনি স্বরাষ্ট্র দপ্তরের অধীনে মুখ্যমন্ত্রী

সচিবালয়ে কর্মরত ছিলেন। পাশাপাশি তৃণমূল কংগ্রেস সরকারের আমলে মুখ্যমন্ত্রীর সচিবালয়ে কর্মরত ১৬ জন আধিকারিককে অবিলম্বে কর্মী বর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরে যোগ দিতে বলা হয়েছে। পূর্বতন সরকারের মন্ত্রীদের একান্ত সচিব পদে থাকা ৪৬ জন WBCS আধিকারিককেও কর্মী বর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরে যোগ দিতে বলা হয়েছে।

---------------------

রাজ্যকে নতুন করে গড়ে তোলার সময় এসেছে বলে বরিষ্ঠ বিজেপি নেতা তথা রাজ্যেরমন্ত্রী দিলীপ ঘোষ মন্তব্য করেছেন। আজ সকালে সাংবাদিকদের কাছে তিনি বলেন, নতুন সরকারের অগ্রাধিকারই হবে রাজ্যের পুনর্গঠন এবং আইনশৃঙ্খলা পরিস্থিতিকে উন্নত করা।

এদিকে, আজ সকালে কালীঘাট মন্দিরে পুজো দিতে যান অপরমন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি বলেন জেলার উন্নয়ন তাঁর অন্যতম লক্ষ্য।

---------------------

বিধানসভায় বিরোধী দলনেতা হচ্ছেন শোভনদেব চট্টোপাধ্যায়। তৃণমূল কংগ্রেসর তরফে একথা জানানো হয়েছে। বিধানসভায় ৮০ সদস্যের বিরোধী দলে উপনেতা নির্বাচিত হয়েছেন দুই বিধায়ক অসীমা পাত্র ও নয়না বন্দ্যোপাধ্যায়। ফিরহাদ হাকিম পরিষদীয় দলের সচেতক হিসাবে দায়িত্ব পেয়েছেন।

---------------------

বিধানসভা নির্বাচনে অশান্তি সৃষ্টি ও হিংসা ছড়ানোর অভিযোগে মুর্শিদাবাদের যুব তৃণমূল কংগ্রেসের সভাপতি ভীষ্মদেব কর্মকারকে গত রাতে গ্রেপ্তার করেছে বহরমপুর থানার পুলিশ। তাঁর বিরুদ্ধে অভিযোগ, ভোটের আগে ও ভোট চলাকালীন বিভিন্ন

অশান্তির ঘটনায় কোথাও তার উপস্থিতি কোথাও তার বিরুদ্ধে উস্কানি দেওয়ায় অভিযোগ মিলেছে। তারপরেই নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গত রাতে বহরমপুর থেকে তাকে গ্রেপ্তার হয়।

----------------------

তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে সংঘর্ষে গতসন্ধ্যায় হুগলির তারকেশ্বরে উত্তেজনা ছড়ায়। সংঘর্ষ থামাতে গিয়ে গুরুতর আহত হয়েছেন তারকেশ্বর থানার ওসি সুব্রত সাধু। স্থানীয় একটি নার্সিংহোমে তাঁকে ভর্তি করা হয়েছে। আহত বেশ কয়েকজন পুলিশ কর্মীও। জানা গেছে, গতসন্ধ্যায় তারকেশ্বর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের বিপিআর এলাকায়, তৃণমূল ও বিজেপির সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। এই ঘটনায় পাঁচ বিজেপি কর্মীকে আটক করে পুলিশ। এরপরই থানার সামনে বিক্ষোভ দেখান বিজেপি কর্মী সমর্থকরা। ঘটনায় জড়িত তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের গ্রেফতার এর দাবি জানানো হয়।

----------------------

নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতিগুলি বিজেপি যথাযথভাবে পালন করবে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আশাপ্রকাশ করেছেন। গতকাল সংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, বাংলার আমজনতা যে রায় দিয়েছেন, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী তা মেনে নিতে প্রস্তুত নন। মানুষের রায় মাথা পেতে নেওয়া উচিত বলেও তিনি উল্লেখ করেন।

----------------------

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, দপ্তর এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে কর্মরত চুক্তিভিত্তিক ও আউটসোর্সড কর্মীদের সুরক্ষা নিশ্চিত করতে বড়সড় সংস্কারের সিদ্ধান্ত

নিয়েছে কেন্দ্রিয় সরকার। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে যে, এখন থেকে সরকারি কাজের বরাত বা কন্ট্রাক্ট পাওয়ার ক্ষেত্রে শ্রম আইন যথাযথভাবে পালনকে সরাসরি শর্ত হিসেবে যুক্ত করা হচ্ছে। এই নতুন ব্যবস্থার মূল লক্ষ্য হলো কর্মীদের বেতন প্রদানে অহেতুক দেরি বন্ধ এবং তাঁদের সামাজিক সুরক্ষার টাকা যথা সময়ে জমা নিশ্চিত করা। সরকারি নির্দেশিকায় বেতনের জন্য কঠোর সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। মাসিক বেতন পরবর্তী মাসের সাত তারিখের মধ্যে এবং দৈনিক মজুরি শিফট শেষ হওয়ার পরেই মিটিয়ে দিতে হবে। এছাড়া সমস্ত পেমেন্ট কেবল ব্যাঙ্ক ট্রান্সফার বা ইলেকট্রনিক মাধ্যমেই করা বাধ্যতামূলক করা হয়েছে।

-----------------------

পূর্ব মেদিনীপুরের খেজুরিতে গতরাতে হিজলি মসনদ-ই-আলা'য় ভয়াবহ আগুনে কমপক্ষে ৩০ টি দোকান ভষ্মীভূত হয়েছে। প্রথমে আগুনের দাপট কম থাকলেও বাতাস এবং রেস্তোরাঁর গ্যাস সিলিন্ডারের কারণে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। কাঁথি থেকে দমকল এসে আগুন নিয়ন্ত্রণে আনলেও ব্যাপক ক্ষয়ক্ষতি নজরে আসে। ঘটনাস্থলে পুলিশ পৌঁছয়। ধূপ অথবা শর্ট সার্কিট থেকে এই আগুন লেগেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান। এখনো পর্যন্ত হতাহতের কোন খবর নেই। ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি।

-----------------------

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যের একাধিক জেলায় আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস। বয়ে যেতে পারে ঝোড়ো হাওয়া। বাঁকুড়া, দুই বর্ধমান উত্তর ২৪ পরগণা জেলায় আজ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

এদিকে, উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরে রয়েছে ঝড়ো হাওয়া ও মাঝারি বৃষ্টির সতর্কতা।

---------------------

**উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার হাড়োয়ায় ঝড় বৃষ্টির কারণে বিজ্ঞাপন হোডিং ভেঙে তিনজন আহত হয়েছেন। একজনের আঘাত গুরুতর। গতকাল বিকেলে হাড়োয়া কেরালা মোড় সংলগ্ন এলাকায় একটি মাছের আড়তে এই দুর্ঘটনা ঘটে। প্রায় তিন থেকে চারটি আড়তের ক্ষতি হয়েছে বলে খবর।**

---------------------

মালদার হবিবপুর ব্লকে অসময়ের বৃষ্টিতে একাধিক ধান জমি জলমগ্ন হওয়ায় ব্যাপক ক্ষতির মুখে পড়েছেন ধান চাষিরা। বিশেষ করে জাজইল অঞ্চলের ভবানীপুর, আগ্রাহরিশ্চন্দ্রপুর, কোটালপুর, ইটাঘাঁটি ও নবধরমপুর এলাকার বিস্তীর্ণ কৃষিজমি জলমগ্ন হয়ে পড়ায় দুশ্চিন্তায় রয়েছেন স্থানীয় কৃষকরা। ক্ষতিগ্রস্ত এলাকায় গিয়ে কৃষকদের সঙ্গে কথা বলে তাদের সমস্যা শোনেন হবিবপুর বিধানসভার বিজেপির জয়ী প্রার্থী জোয়েল মুর্মু। তিনি, প্রশাসনের কাছে বিষয়টি তুলে ধরে ক্ষয়ক্ষতির হিসাব করে প্রয়োজনীয় সাহায্যের ব্যবস্থা করার আশ্বাস দেন ক্ষতিগ্রস্ত কৃষকদের।

---------------------

আই এস এল ফুটবলে আজ মহামেডান, কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে খেলবে। এর্নাকুলামের জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। প্রতিযোগিতায় এখনও পর্যন্ত ১১-টি ম্যাচ খেলে ১১ পয়েন্ট নিয়ে কেরালা ব্লাস্টার্স লিগ তালিকার নবম স্থানে রয়েছে।

অন্যদিকে, ১০-টি ম্যাচে একটিতেও না জেতা মহামেডান লিগ তালিকায় সবার শেষে রয়েছে।

---------------------- ----------------------